

লকডাউনেও বাড়ছে বন্ধন ব্যাঙ্কের ব্যবসা

এই সময়: করোনা সংক্রমণ ও লকডাউনের প্রভাব পড়েনি বন্ধন ব্যাঙ্কের মাইক্রোফিন্যান্স বা ব্যাঙ্কিং ব্যবসায়।

করোনা মহামারীর প্রভাবে বন্ধন ব্যাঙ্কের ঋণ আদায় যথেষ্ট প্রভাবিত হবে এই কারণ দেখিয়ে বন্ধন ব্যাঙ্ক নিয়ে তাদের 'টার্গেট শেয়ার প্রাইস' গত সপ্তাহে মুম্বইয়ের ব্রোকারেজ সংস্থা অ্যাঙ্কিট ক্যাপিটাল ৮৪ শতাংশ কমিয়ে দেয়। এর প্রেক্ষিতে সোমবার শেয়ার বাজারগুলিকে এক বিজ্ঞপ্তি দিয়ে বন্ধন ব্যাঙ্ক কর্তৃপক্ষ জানায়, গত জানুয়ারি-মার্চ ত্রৈমাসিকে তাদের গোটা দেশে বিস্তৃত মাইক্রোব্যাঙ্কিং ব্যবসায় ঋণ আদায় হয়েছে প্রায় ৯৮.৭ শতাংশ। ফলে, গত ডিসেম্বরের শেষে বকেয়া ঋণের পরিমাণ যত ছিল, মার্চ মাসের শেষে ওই পরিমাণ কমেছে।

এরই পাশাপাশি, মাইক্রোব্যাঙ্কিং গ্রাহকদের থেকে আমানতের পরিমাণও জানুয়ারি-মার্চ মাসে বেড়েছে বলে ব্যাঙ্কটি জানিয়েছে। মার্চ মাসের শেষে বন্ধন ব্যাঙ্কের মোট আমানতের পরিমাণ দাঁড়িয়েছে ৫৭,০৭৩ কোটি টাকা, যা ২০১৯ সালের মার্চ মাসের শেষে ছিল ৪৩,২৩২ কোটি টাকা। অর্থাৎ, গত অর্ধবছরে (২০১৯-২০) বছরে ব্যাঙ্কের আমানত বেড়েছে ৩২%। অক্টোবর-ডিসেম্বর ত্রৈমাসিকের তুলনায় জানুয়ারি-মার্চ ত্রৈমাসিকে আমানত বেড়েছে ৪%।

ব্যাঙ্কের হাতে রিজার্ভ ব্যাঙ্ক নিধারিত ন্যূনতম পরিমাণের অতিরিক্ত



বন্ধন ব্যাঙ্কের এমডি ও সিইও চন্দ্রশেখর ঘোষ

৮,৪০২ কোটি টাকার নগদও রয়েছে বলে ব্যাঙ্কটি জানিয়েছে।

সম্প্রতি মুম্বইয়ের পিএমসি ব্যাঙ্ক ও ইয়েস ব্যাঙ্কের ঘটনার পর বন্ধনের ব্যাঙ্কের আমানতকারীদের এবং বিনিয়োগকারীদের মনে যে সংশয় তৈরি হয়েছিল অ্যাঙ্কিট ক্যাপিটালের রিপোর্ট নিয়ে, মঙ্গলবার সেই সংশয় দূর করে দেয় আর এক ব্রোকারেজ সংস্থা মোতিলাল অসওয়াল। মোতিলাল অসওয়াল তাদের রিপোর্টে বন্ধন ব্যাঙ্কের শেয়ার কেনার পরামর্শ দিয়েছে বিনিয়োগকারীদের।

সোমবার শেয়ার বাজারগুলিকে বন্ধন ব্যাঙ্কের দেওয়ার বিবৃতির প্রেক্ষিতে মোতিলাল অসওয়াল জানিয়েছে, 'এমন একটা সময়ে যখন বেসরকারি ব্যাঙ্কে আমানত রাখতেই মানুষ সন্দিধ, তখন বন্ধন

ব্যাঙ্কের ৩২ শতাংশ আমানত বৃদ্ধির হার যথেষ্ট ভালো। তাছাড়া, ব্যাঙ্কের হাতে নগদের পরিমাণও (১৬১ শতাংশ) যথেষ্ট স্বস্তিদায়ক। বর্তমান অর্থনৈতিক পরিস্থিতিতে গোটা দেশে মাইক্রোফিন্যান্স খাতে দেওয়া ঋণ আদায় নিয়ে সাময়িক উদ্বেগ সত্ত্বেও বন্ধন ব্যাঙ্কের তাদের ঋণ আদায়ের হার বাড়াতে সক্ষম হয়েছে। এরই পাশাপাশি, বন্ধন ব্যাঙ্কের মাইক্রোব্যাঙ্কিং ব্যবসায় আমানত বৃদ্ধির পরিসংখ্যান থেকেও এটা পরিষ্কার যে, আগামী দিনেও ব্যাঙ্ক তাদের ঋণ আদায় করতে সক্ষম হবে। সেই কারণে, বন্ধন ব্যাঙ্কের শেয়ার দর নিয়ে আমরা আমাদের পূর্বানুমান বাড়িয়ে ৩৫০ টাকা করলাম।' সোমবার বন্ধন ব্যাঙ্কের শেয়ার দর ছিল ১৯৪.৪০ টাকা।